

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৫৪

১/ বিবিধ

আরবী

إن حاديننا نام فسمعنا حادينكم فملت إليكم، فهل تدرون أنى كان الحداء؟ قالوا: لا والله، قال: إن أباهم مضر خرج إلى بعض رعاته، فوجد إبله قد تفرقت، فأخذ عصا فضرب بها كف غلامه، فعدا الغلام في الوادي وهو يصيح: يا يداه يا يداه! فسمعت الإبل فعطفت عليه، فقال مضر: لو اشتق مثل هذا لانتفعت به الإبل واجتمعت، فاشتق الحداء
موضوع

رواه ابن الجوزي في " تلبيس إبليس " (ص 238) من طريق أبي البخري وهب عن طلحة المكي عن بعض علمائهم: " أن رسول الله صلى الله عليه وسلم مال ذات ليلة بطريق مكة إلى حاد مع قوم، فسلم عليهم فقال ". فذكره. قلت: وهذا مع إرساله موضوع، والمتهم به أبو البخري هذا، وهو وهب بن وهب المدني القاضي قال ابن معين: " كان يكذب عدو الله! " وقال أحمد: " كان يضع الحديث وضعاً وذكر ابن الجوزي في مقدمة " الموضوعات " (1 / 47 - ط) أنه من كبار الوضاعين، فالعجب منه كيف يروي له في هذا الكتاب (تلبيس إبليس) الذي أكثر قرائه لا علم لهم بالحديث ورجاله! وقد ساق الذهبي في ترجمة أبي البخري هذا أحاديث كثيرة ثم قال: " وهذه أحاديث مكذوبة

والموضوع في هذا الحديث إنما هو ما عدا الجملة الأولى منه، فإن لها شاهداً مرسلًا

قويا، فقال ابن سعد في

الطبقات " (1 / 2) : أخبرنا الفضل بن دكين أبو نعيم: أخبرنا العلاء بن عبد الكريم

عن مجاهد قال

" كان النبي صلى الله عليه وسلم في سفر فبينما هو يسير بالليل ومعه رجل يسايره إذ

سمع حاديا يحدو، وقوم أمامه، فقال لصاحبه، لو أتينا حادي هؤلاء القوم، فقربنا

حتى غشنا القوم، فقال رسول الله صلى الله عليه وسلم: ممن القوم؟ قالوا: من

مضر، فقال: وأنا من مضر، وني حاديننا، فسمعنا حاديكم، فأتيناكم

ورواه ابن الأعرابي في " حديث سعدان بن نصر " (1 / 22 / 1)

وهذا سند صحيح رجاله كلهم ثقات من رجال مسلم لولا أنه مرسل، ولكنه جاء نحوه

من طريق آخر، فقال ابن سعد: أخبرنا عبد الوهاب بن عطاء العجلي: أنبأنا حنظلة بن

أبي سفيان الجمحي عن طاووس قال: " بينما رسول الله صلى الله عليه وسلم في

سفر إذ سمع صوت حاد، فسار حتى أتاهم فقال: من القوم؟ قالوا: مضر يون، فقال

صلى الله عليه وسلم: وأنا مضرى، فقالوا: يا رسول الله إنا أول من حدا، بينما رجل

في سفر فضرب غلاما له على يده بعصا فانكسرت يده، فجعل الغلام يقول وهو يسير

الإبل: وايداه وايداه! وقال: هيبا هيبا، فسارت الإبل ". وهذا مرسل صحيح أيضا.

ورواه ابن الأعرابي عن عكرمة مرسلا بسند صحيح أيضا. وهو يبين أن الأصل في

قصة الحداء موقوف، فرفعه ذلك الكذاب أبو البخترى

وقد ذكر الحافظ ابن كثير في " البداية " (2 / 199) عن علماء التاريخ أنهم قالوا: كان

مضر أول من حدا، وذلك لأنه كان حسن الصوت، فسقط يوما عن بعيره، فوثبت يده،

فجعل يقول: وايداه وايداه؟ فأعنقت الإبل لذلك. وهذا مخالف لهذا المرسل. والله أعلم

বাংলা

৫৫৪। আমাদের উট চালক ঘুমিয়ে গেছে। অতঃপর তোমাদের উট চালকের আওয়ায শুনলাম। এ জন্য তোমাদের নিকট আসলাম। তোমরা জান কি উট চালকরা কোথায় ছিল? তারা বললো আল্লাহর কসম, না। তিনি বললেনঃ তাদের পিতা মুযারা তার কোন এক রাখালের নিকট বের হল, সে তার উটগুলোকে বিচ্ছিন্ন অবস্থায় পেল। এর

জন্য একটি লাঠি নিয়ে তা দ্বারা তার দাসের হাতে প্রহার করল। এ কারণে তার দাস উপত্যকায় পালিয়ে গিয়ে চিৎকার করে বললঃ হায় আমার হাত! হায় আমার হাত। (এ আওয়ায) একটি উট শুনলো ফলে সে তার উপর দয়া করল। অতঃপর মুযারা বললঃ যদি এ দাসের ন্যায় (ডানে-বামে) দৌড়ে পালাতো তাহলে তার দ্বারা উট উপকৃত হত এবং একত্রিত হয়ে যেত। তখন উট চালকরা (ডানে-বামে) দৌড় দিল।

হাদীছটি জাল।

হাদীছটি ইবনুল জাওয়ী "তালবীসু ইবলীস" (পৃঃ ২৩৮) গ্রন্থে আবুল বুখতার ওয়াহাব সূত্রে তালহা আল-মাক্কী হতে তিনি তাদের কোন আলেম হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি মুরসাল হওয়া সত্ত্বেও বানোয়াট। এই আবুল বুখতার মিথ্যার দোষে দোষী। তিনি হচ্ছেন ওয়াহাব ইবনু ওয়াহাব আল-মাদানী আল-কাযী। তার সম্পর্কে ইবনু মাঈন বলেনঃ আল্লাহর দুশমন মিথ্যা বলতেন। ইমাম আহমাদ বলেনঃ তিনি হাদীছ জাল করতেন। ইবনুল জাওয়ী তার "আল-মাওয়ু'আত" (১/৪৭ ত্ব) গ্রন্থের ভূমিকায় বলেছেনঃ তিনি বড় বড় জালকারীদের একজন। ইমাম যাহাবী আবুল বুখতারীর জীবনী বর্ণনা করতে গিয়ে তার বহু হাদীছ উল্লেখ করে বলেছেনঃ এ হাদীছগুলো মিথ্যা।

এ হাদীছটির প্রথম বাক্যটি বাদে বাকী অংশগুলো বানোয়াট। কারণ প্রথম বাক্যটির মুরসাল হিসাবে শক্তিশালী শাহেদ পাওয়া যাচ্ছে। সেটি ইবনু সা'আদ "আত-তাবাকাত" (১/২) গ্রন্থে মুজাহিদ এবং তাউস হতে উল্লেখ করেছেন। ইবনুল আ'রাবী "হাদীছু সা'আদান ইবনু নাসর" (১/২২/১) গ্রন্থে বর্ণনা করেছেন।

এ মুরসাল সহীহ। ইবনুল আরাবী ঈকরীম হতেও সহীহ সনদে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71433>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন